অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2022 সালে স্টেটের পার্কসমূহে রেকর্ড পরিমাণ উপস্থিতির ঘোষণা করলেন

স্টেটব্যাপী উপস্থিতির সংখ্যা 79.5 মিলিয়ন পরিদর্শন, যা 2021 সালের তুলনায় এক মিলিয়ন বেশি

প্রতিটি পার্কের পৃথক উপস্থিতি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) পরিচালিত স্টেট পার্ক, ঐতিহাসিক সাইট, ক্যাম্পগ্রাউন্ড এবং ট্রেইলসমূহে 2022 সালে রেকর্ড 79.5 মিলিয়ন পরিদর্শন দেখা গেছে। বিগত বছরের তুলনায় স্টেটব্যাপী মোট পরিদর্শনের সংখ্যা এক মিলিয়ন বৃদ্ধি পেয়েছে, যা পার্ক ও বিনোদনে করা বিনিয়োগ যাতে সকল নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষের কাজে লাগে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে তুলে ধরে।

"নায়াগ্রা ফলস থেকে শুরু করে বিয়ার মাউন্টেন ও জোন্স বীচ পর্যন্ত, নিউ ইয়র্কের স্টেট পার্কগুলি বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলের জন্যই পরিবেশের সাথে পুনরায় সংযুক্ত হওয়ার, সতেজ বায়ুতে শ্বাস নেওয়ার এবং প্রাকৃতিক পরিবেশে শান্তি খুঁজে নেওয়ার সুযোগ প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "পার্ক ব্যবস্থাকে পুনর্জীবিত করতে, খোলা স্থান সম্প্রসারিত করতে এবং আমাদের উপকূলরেখাকে সুরক্ষা করতে গৃহীত আমাদের সাম্প্রতিক বিনিয়োগসমূহ নিশ্চিত করবে যাতে আগামী প্রজন্মগুলি এই স্টেটের বৈচিত্র্যময় পরিবেশ উপভোগ করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট পার্কার উপস্থিতি এক দশকের বেশি সময় ধরে ক্রমবর্ধমান আছে, 2008 সাল থেকে এটি প্রায় 43 শতাংশ বৃদ্ধি পেয়েছে। 2022 সালে সর্বাধিক পরিদর্শিত স্টেট পার্কগুলি হলো নায়াগ্রা ফলস স্টেট পার্ক (9.4 মিলিয়ন পরিদর্শন), জোন্স বীচ স্টেট পার্ক (8.5 মিলিয়ন পরিদর্শন), রবার্ট মোসেস স্টেট পার্ক (3.8 মিলিয়ন পরিদর্শন), সারাটোগা স্পা (3.5 মিলিয়ন পরিদর্শন), সাংকেন মিডো স্টেট পার্ক (3.1 মিলিয়ন পরিদর্শন), ডেনি ফ্যারেল রিভারব্যাংক স্টেট পার্ক (3 মিলিয়ন পরিদর্শন) এবং বিয়ার মাউন্টেন স্টেট পার্ক (2.4 মিলিয়ন পরিদর্শন)।

নিউ ইয়র্ক স্টেট পার্কের (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "যারা ফেরত এসেছে এবং যারা স্টেট পার্ক ও ঐতিহাসিক সাইটসমূহের ব্যাপারে মাত্র অনুসন্ধান পেয়েছে তাদের সকলের প্রতি স্টেট পার্ক কৃতজ্ঞ। এই দর্শনার্থীদের আরো ভালোভাবে স্বাগত জানাতে, স্থানীয় অর্থনীতিতে একটি ইতিবাচক ভূমিকা পালন করতে এবং পরিবর্তনশীল জলবায়ুর সমস্যা মোকাবেলা করতে আমরা গভর্নর হোকলের সমর্থনে কাজ করছি।"

নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ পার্কের চলমান রূপান্তর অব্যাহত রাখার জন্য, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পের সমর্থনে, এবং 2030 সালের মধ্যে পার্ক ফ্যাসিলিটিগুলিকে নবায়নযোগ্য শক্তি দ্বারা বিদ্যুতায়িত করার লক্ষ্য অর্জনে সাহায্য করার জন্য গভর্নর হোকলের প্রস্তাবিত 2024 বাজেটে 200 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিলের প্রতিশ্রুতি রয়েছে। এছাড়াও বাজেট প্রস্তাবনা একটি নতুন ও সম্প্রসারিত পার্ক পুলিশ একাডেমি (Park Police Academy) ক্লাস, পরিবেশগত বন্ড অ্যাক্ট (Environmental Bond Act), এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail), পার্ক প্রশাসন এবং সাইট কর্মকাণ্ড সমর্থন করতে এজেন্সির কর্মীবাহিনীর উন্নয়ন করবে। পাশাপাশি, 4.2 বিলিয়ন মার্কিন ডলারের "পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু ও সবুজ কর্মসংস্থান পরিবেশগত বন্ড অ্যাক্ট (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act)" জলবায়ু পরিবর্তন প্রশমন, পুনঃস্থাপন ও বন্যা ঝুঁকি হ্রাস প্রকল্পসমূহ, এবং খোলা স্থানের সুরক্ষার জন্য তহবিল বৃদ্ধি করবে যাতে পার্ক ব্যবস্থার 350,000 একর ও 300 মাইল উপকূলরেখার স্টুয়ার্ডশিপ উন্নত করা অব্যাহত রাখা যায়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট ও পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "নায়াগ্রা ফলসের একই নামের জলপ্রপাত থেকে ওয়াটকিন্স গ্লেনের ছবির মতো সুন্দর পথ ও মন্টাক পয়েন্টের কিংবদন্তি লাইটহাউজ পর্যন্ত, নিউ ইয়র্কের বিশ্বমানের স্টেট পার্কগুলি স্টেটের ভ্রমণ ও পর্যটন মুকুটের এক একটি রত্নের মতো। গোটা বিশ্বের ভ্রমণকারীদেরকে তাদের পরবর্তী নিউ ইয়র্ক ভ্রমণের অংশ হিসেবে আমাদের পার্ক, ক্যাম্পগ্রাউন্ড এবং ঐতিহাসিক সাইট ঘুরে দেখার জন্য উৎসাহিত করতে আই লাভ NY (I LOVE NY) আমাদের স্টেট পার্কের অংশীদার হিসেবে কাজ করে যাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পরিষদের (New York State Council of Parks) প্রধান ব্রায়ান এরউইন বলেন, "এই সংখ্যাগুলি সম্পর্কে একটি ধারণা দিচ্ছি, এই উপস্থিতির রেকর্ড বেশিরভাগ জাতীয় পার্কের উপস্থিতির সাথে প্রতিযোগিতা করে এবং অতিক্রম করে। এবং এই মুহূর্তে গভর্নর দুইভাবে কাজ করছেন: 1) বন্ড অ্যাক্ট বিনিয়োগ মুখ্য অবকাঠামো প্রদান করবে যা আমাদের পার্কসমূহের জলবায়ু স্থিতিশীল হওয়া নিশ্চিত করবে এবং একইসাথে আমাদের বর্ধিত পরিদর্শনকে সমর্থন করবে এবং 2) আমাদের পার্কে পর্যাপ্ত কর্মী নিয়োগ করার জন্য পার্ক পেশাদার তৈরি ও তাদের ধরে রাখা এবং আমাদের পার্ক পুলিশের উপস্থিতি বিস্তৃত করা যাতে আমাদের সকল দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা যায়।"

পার্ক এবং ট্রেইল নিউ ইয়র্কের (Parks & Trails New York) আগামী নির্বাহী পরিচালক পল স্টিলি হোয়াইট বলেন, "পরিদর্শনের এই সংখ্যা সত্যিই বিস্ময়কর। নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলিতে বার্ষিক উপস্থিতি এখন ইয়েলোস্টোন, গ্র্যান্ড ক্যানিয়ন এবং ইয়োসেমিটির মিলিত উপস্থিতি থেকে পাঁচগুণ বেশি।এখন আমাদের কাজ হবে এই ঐতিহাসিক চাহিদা মেটানোর জন্য

আমাদের পার্কগুলির যাতে পর্যাপ্ত সংস্থান থাকে তা নিশ্চিত করা এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে এই স্বাস্থ্য, পরিবেশ ও অর্থনৈতিক লাভ পায় তা নিশ্চিত করা।"

ওপেন স্পেস ইনস্টিটিউটের (Open Space Institute) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কিম এলিম্যান বলেন, "আমাদের পার্ক ও খোলা স্থানের প্রতি নিউ ইয়র্কবাসীদের ভালোবাসার উদাহরণ হলো এইসব রেকর্ড ভাঙা উপস্থিতির সংখ্যা এবং এছাড়াও এটি ক্রমাগত উদীয়মান চাহিদা পূরণ করার জন্য পার্ক ও ট্রেইলের সুরক্ষা ও উন্নয়নকাজের একটি স্পষ্ট প্রয়োজন প্রদর্শন করে। পার্কের উপকার সর্বজনীন এবং আমরা সকল পটভূমি ও অভিজ্ঞতার মানুষকে নিউ ইয়র্কের দারুণ প্রাকৃতিক সংস্থানের সাথে যুক্ত করে দিতে প্রশাসনের অব্যাহত প্রতিশ্রুতির জন্য তাদের প্রশংসা করছি।"

সিনিক হাডসনের (Scenic Hudson) প্রেসিডেন্ট নেড সালিভ্যান বলেন, "হাডসন ভ্যালির মানুষের জন্য ভূমি ও অন্যান্য প্রাকৃতিক বিস্ময়কে উপলভ্য করার নিবিড় অন্তর্নিহিত মিশনসহ একটি সংগঠন হিসেবে আমরা নিউ ইয়র্কের চমৎকার স্টেট পার্ক ব্যবস্থায় 79 মিলিয়ন দর্শনার্থী যাওয়ার দুর্দান্ত মাইলফলকের প্রশংসা করছি। সকল নিউ ইয়র্কবাসী ও স্টেটের বাইরে থেকে আগত দর্শনার্থীদেরকে নিরাপদ, সাশ্রয়ী ও মন ভালো করে দেওয়ার অভিজ্ঞতা প্রদান করার জন্য আমাদের স্টেট ও স্থানীয় পার্কসমূহ ও স্টেটজুড়ে ভূমি ট্রাস্টসমূহের মালিকানাধীন সংরক্ষিত ভূমিগুলি যেই অত্যাবশ্যকীয় ভূমিকা রাখে, এই প্রশংসনীয় অর্জন তার উপর আলোকপাত করে। আমাদের পার্কসমূহে অব্যাহত বিনিয়োগ অগ্রসর করতে গভর্নর হোকল এবং কমিশনার কুলেসিডের অতুলনীয় নেতৃত্বের জন্য আমরা তাদের গভীরভাবে ধন্যবাদ জানাচ্ছি এবং পার্কগুলির ক্যাপিটাল বিনিয়োগের জন্য প্রশাসন ও আইনসভা বিগত বছরের ঐতিহাসিক তহবিলের মাত্রার পুনরাবৃত্তি করবে সেই সংক্রান্ত সুযোগ দেখতে উন্মুখ হয়ে আছি।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250টির বেশি পৃথক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদনমূলক ট্রেইল এবং বোট লঞ্চের তত্ত্বাবধান করে। এসব চিত্তবিনোদনমূলক এলাকার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য, ফোন করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন parks.ny.gov ঠিকানায়, ফেসবুক (Facebook)-এ সংযুক্ত হোন, অথবা টুইটার (Twitter)-এ আমাদেরকে অনুসরণ করুন।

###